দৈনিক ইনকিলাব

তারিখ 17 NOV 1990
পৃষ্ঠা ১ কলাম ৬

65

# সম্মিলিত শিক্ষক আন্দোলন গঠিত ঃ ২৮ নভেম্বর পূর্ণ দিবস কর্মবিরতি

শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ বাতিল, সর্বদলীয় ছাত্র ঐক্য এবং দেশের চলমান গণতান্ত্রিক আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা ও শিক্ষকদের পেশাগত মর্যাদা রক্ষার লক্ষ্যে গত বৃহস্পতিবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে সর্বস্তরের

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## সম্মিলিত শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষক সংগঠনের একটি যৌথ সভা প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় প্রত্যেক শিক্ষক সংগঠনের দু'জন প্রতিনিধি নিয়ে 'সম্মিলিত শিক্ষক আন্দোলন' নামে একটি মোর্চা গঠন করা হয়। প্রফেসর ইয়াজ উদ্দিন আহমেদ এ মোর্চার আহবায়ক। সমমনা অন্যান্য শিক্ষক সংগঠনকে এ মোর্চায় শামিল হতে আহবান জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।

১৩টি শিক্ষক সংগঠনের এ মোর্চার সভায় আগামী ২৮ নভেম্বর সকল শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ণ দিবস কর্মবিরতি পালন ও কালোব্যাজ ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।